

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৪৪.২০১৫-৮৫৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ।
৩১ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, বগুড়া জেলার সদর উপজেলার লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আজাদুর রহমান (মকবুল) কর্তৃক হতদরিদ্রদের জন্য বরাদ্দকৃত সরকারী খাদ্যবান্ধব কর্মসূচীর ২৪ টি কার্ড নিজ হেফাজতে রেখে এক বছরের অধিক সময় ধরে অবৈধভাবে চাল উত্তোলনপূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, বগুড়া বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, বগুড়া জেলার সদর উপজেলার লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আজাদুর রহমান (মকবুল) কর্তৃক হতদরিদ্রদের জন্য বরাদ্দকৃত সরকারী খাদ্যবান্ধব কর্মসূচীর ২৪ টি কার্ড নিজ হেফাজতে রেখে এক বছরের অধিক সময় ধরে অবৈধভাবে চাল উত্তোলনপূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, বগুড়া জেলার সদর উপজেলার লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আজাদুর রহমান (মকবুল) কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৪৪.২০১৫-৮৫৫


তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ।
৩১ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, বগুড়া
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আজাদুর রহমান (মকবুল), ইউপি সদস্য, ০৮ নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদ, বগুড়া সদর, বগুড়া।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব